

ইসলামপুর উপজেলা পরিষদের জুলাই ২০২০ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এস. এম. জামাল আব্দুল নাছের
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।

সভার তারিখ ও সময় : ৩০ জুলাই ২০২০; সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হলো।

সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর সভার শুরুতে উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং কমিটির অন্যান্য সদস্যগণকে স্বাগত জানান। অতঃপর তিনি সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহ্বান জানান। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ

আলোচনা	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়ন
উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়।	পাঠান্তে কোন বিষয়ে আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার

২। বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :

স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, নোভেল করোনা ভাইরাস কোভিড ১৯ এর প্রাদুর্ভাব দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এসময়ে ঘরে থাকায় নিরাপদ। বিশেষ প্রয়োজনে বাহিরে বের হওয়ার প্রয়োজনীয় হলে মাস্ক ব্যবহার ও সামাজিক দ্রুত ও স্বাস্থ্য বিধি মেনে বের হওয়ার অনুরোধ করা হয়। তিনি আরও জানান যে, সাম্প্রতিক বন্য শুরু হওয়ায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে মেডিক্যাল টিম গঠন করা হয়েছে। জরুরী প্রয়োজনে উক্ত মেডিক্যাল টিমের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	এসময়ে ঘরে থাকায় নিরাপদ। জরুরী প্রয়োজন ছাড়া বাহিরে বের হতে হলে মাস্ক ব্যবহার ও সামাজিক দ্রুত ও স্বাস্থ্য বিধি মেনে বের হওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবন ও ডরমেটরী ভবন নির্মাণের জন্য মাষ্টারপ্লান তৈরী, সয়েল টেস্ট ও টপো সার্ভে ববাদ মোট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা প্রয়োজন হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	আলোচনান্তে উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবন ও ডরমেটরী ভবন নির্মাণের জন্য মাষ্টারপ্লান তৈরী, সয়েল টেস্ট ও টপো সার্ভে ববাদ মোট ৩,০০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর ও উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী ইসলামপুর, জামালপুর।
কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, সাম্প্রতিক বন্যায় কৃষকদের ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়েছে। ক্ষয়-ক্ষতির পরিমাণ নির্ণয় করে যথাযথ কর্তৃপক্ষে নিকট প্রেরণ করা হবে। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার ইসলামপুর, জামালপুর।
প্রাণি সম্পদ বিভাগ	উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণি সম্পদ অফিসার ইসলামপুর, জামালপুর।
মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ইসলামপুর, জামালপুর।
পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার

Mindhu.

দুর্যোগ ও ত্রাণ বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, সাম্প্রতিক বন্যায় ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়েছে। বন্যা কবলিত এলাকায় জরুরী ত্রাণ সামগ্রী বিতরণ করা হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার
সমাজ সেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজ সেবা অফিসার ও সংশ্লিষ্ট সকল
শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার ইসলামপুর, জামালপুর। ও সংশ্লিষ্ট সকল
মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, কতিবট১৯ করোনা ভাইরাসের এর প্রাদুর্ভাব জনিত কারণে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ রয়েছে। এ সময়ে শিক্ষার্থীর অনলাইনের মাধ্যমে শিক্ষা কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ইসলামপুর, জামালপুর। সংশ্লিষ্ট সকল
মহিলা বিষয়ক বিভাগ	উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার ইসলামপুর, জামালপুর
যুব ও ক্রীড়া বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার ইসলামপুর, জামালপুর।
জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সাম্প্রতিক বন্যায় বন্য কবরিত এলাকায় বিশুদ্ধপানি সরবরাহ ও পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট বিতরণ করা হচ্ছে। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ইসলামপুর, জামালপুর।
পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ইসলামপুর, জামালপুর।
সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় অফিসার ইসলামপুর, জামালপুর।
বন ও পরিবেশ বিভাগ	ফরেস্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ইসলামপুর উপজেলায় মোট ২০,৩২৫ টি চারা বিনামূল্যে বিতরণ করা হইবে এবং মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী ৫০০০ টি চারা বিনামূল্যে বিতরণ করা হবে। সর্বমোট ২৫,৩২৫ টি চারা বিনামূল্যে বিতরণ করা হবে। তিনি আরও জানান যে, ২০১৯-২০ অর্থ বছরে ০৪ টি আশ্রয়ণ প্রকল্পের প্রাংগনে চারা গাছ রোপন করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ফরেস্টার, বন ও পরিবেশ বিভাগ ইসলামপুর, জামালপুর।
বিদ্যুৎ বিভাগ	এজিএম পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম পল্লী বিদ্যুৎ ও সংশ্লিষ্ট সকল

৩। ১৭ কমিটি সুপারিশ ও সিদ্ধান্ত গ্রহণঃ

--	--	--
----	----	----

৪। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনাঃ

--	--	--
----	----	----

৫। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনাঃ

--	--	--
----	----	----

৬। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা :

ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ৩০/০৬/২০২০ তারিখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ৪১,৬৩,৬৬৭/- (একচল্লিশ লক্ষ তেষাট্টি হাজার ছয়শত ষাট) টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ০/- (শূন্য) টাকা স্থিতি রয়েছে। দাপ্তরিক প্রয়োজনে উপজেলা রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিল ব্যবহারিক নির্দেশিকা মোতাবেক নিম্নোক্ত ব্যয় সম্পাদিত হয়েছে।		উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয় সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত ভোটে অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর।
ক্রঃ নং	ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ	টাকার পরিমাণ	
০১	চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদের জুন/ ২০২০মাসের সম্মানিতা প্রদান	৯৪০০০.০০	
০২	উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে নিয়োজিত ২ (দুই) জন কর্মচারীর জুন ২০২০ মাসের বেতন	২১৯০০.০০	
০৩	উপজেলা পরিষদ মাসিক সভা ও উপজেলা নির্বাহী অফিসের আপ্যায়ন ও উপজেলা পরিষদের অন্যান্য আপ্যায়ন বাবদ	৩৮০০০.০০	
০৪	উপজেলা পরিষদ আনুষঙ্গিক ব্যয় বাবদ	৫০০০.০০	
০৫	ফটোকপি ও প্রিন্টারের টুনার ক্রয় বাবদ	১১৮৫০.০০	

৮। বিবিধ :

ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের ৪(চার) জন নিয়মিত কর্মচারী উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি ২০১০ অনুযায়ী প্রদেয় ভবিষ্য তহবিল হিসাব নম্বর খোলা ও এ যাব' উপজেলা পরিষদের নিকট বকেয়া পাওনা পরিশোধের জন্য আবেদন করেছেন। এ বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে গত ০৩/০৩/২০২০ খ্রিঃ তারিখে ৩১৮ নং স্মারকপত্র মাধ্যমে নির্দেশনা প্রদান করেছেন। তিনি উপজেলা পরিষদের ৪(চার) জন কর্মচারীর প্রদেয় ভবিষ্য তহবিল খোলা ও বকেয়া পাওনা পরিশোধ সংক্রান্ত আবেদন ও স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত পত্রটি সভায় উপস্থাপন করেন। এ বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়।	আলোচনাতে উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে প্রাপ্ত পত্রের নির্দেশনা এবং উক্ত ০২(দুই) জন কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে স্ব স্ব কর্মচারীর জন্য প্রদেয় ভবিষ্য তহবিল হিসাব খোলা এবং বকেয়া পাওনা টাকা উক্ত তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত হয় এবং উক্ত হিসাব স্ব স্ব কর্মচারী ও উপজেলা নির্বাহী অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর।
খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, ইসলামপুর উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্প নিম্নে উল্লেখ্য করা হলো। ১। ২০২০ সালের বন্যায় ইসলামপুর উপজেলার ১২ ইউনিয়নের রাস্তা-ঘাট ব্যাপক ক্ষয়-ক্ষতির সম্মুখীন হয়েছে। উক্ত রাস্তা-ঘাট গুলো জরুরী ভিত্তিতে মেরামত বাবদ কমপক্ষে প্রায় ২০(বিশ) লক্ষ টাকা প্রয়োজন। ২। ইসলামপুর টু ঝগড়ারচর রাস্তার শুরুতে এবং শেষ প্রান্তে জনাব আলহাজ্ব মোঃ ফরিদুল হক খান (দুলাল), এমপি মহোদয়ের নামে দুইটি গেইট নির্মাণ করা প্রয়োজন। এ বাবদ কমপক্ষে ১০ (দশ) লক্ষ টাকা ব্যয় হবে। ৩। ইসলামপুর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও সরকারী সেবা প্রাপ্ত সুবিধাভোগীদের ডাটাবেইজ তৈরীর জন্য প্রকল্প গ্রহণ। এ বাবদ ২(দুই) লক্ষ টাকা প্রয়োজন।	বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত হয়। ১। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২০ (বিশ) লক্ষ টাকা বিধি অনুযায়ী ব্যয়ের সিদ্ধান্ত হয়। ২। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বিধি অনুযায়ী ১০ (দশ) লক্ষ টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি হতে ইসলামপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তায় পানি চলাচলের জন্য রাস্তায় পাইপ কালভার্ট স্থাপনের জন্য ২(দুই) লক্ষ টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। ৪। উপজেলা পরিষদের পঞ্চ বার্ষিকী পরিকল্পনা প্রণয়ন ও ডাটাবেইজ তৈরী কাজের জন্য ২(দুই) লক্ষ টাকা ব্যয়ের সিদ্ধান্ত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর। উপজেলা প্রকৌশলী ইসলামপুর, জামালপুর ও সংশ্লিষ্ট সকল

Mindhu.

<p>৪। ইসলামপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তায় পানি চলাচলের জন্য পাইপ কালভার্ট স্থাপন বাবদ ২(দুই) লক্ষ টাকা প্রয়োজন।</p> <p>৫। ইসলামপুর-বকশীগঞ্জ রাস্তায় সিরাজাবাদ উচ্চ বিদ্যালয়ের সামনে রাস্তায় পানি জমে থাকায় রাস্তা উচু করণ প্রকল্পে ৪(চার) লক্ষ টাকা প্রয়োজন।</p> <p>৬। ইসলামপুর উপজেলায় মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থাপনাসমূহ সংরক্ষণ ও মুক্তিযোদ্ধা স্মৃতি যাদুঘর নির্মাণ কাজের জন্য উপজেলা পরিষদের ভিতরে মাটি দ্বারা উচু করণ প্রকল্পে ২(দুই) লক্ষ টাকা প্রয়োজন।</p> <p>৭। উপজেলা পরিষদের পুকুরের সৌন্দর্য বর্ধনের জন্য ইতিপূর্বে বরাদ্দ প্রদান করা হয়েছে। কাজ বর্তমানে প্রায় শেষের পথে। যে টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল তা প্রাক্কলনের চেয়ে অনেক কম। কাজ শেষ করার স্বার্থে নতুন করে আরো ১০ (দশ) লক্ষ টাকা প্রয়োজন।</p> <p>৮। ইসলামপুর উপজেলায় বিভিন্ন বিদ্যালয়ে বেঞ্চ সরবরাহ প্রকল্পে ৪(চার) লক্ষ টাকা প্রয়োজন।</p> <p>৯। উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেন মেরামত ও রাস্তা উচু করণ এবং সমাজ সেবা অফিসের সম্মুখে বিভিন্ন সেবা গ্রহিতাদের বসার জন্য বেঞ্চ নির্মাণ প্রকল্প এ বাবদ ২(দুই) লক্ষ টাকা প্রয়োজন।</p> <p>১০। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের দোতলায় বর্ধিতকরণ ও ওয়াশরুম স্থাপন মেরামত কাজ বাবদ ২(দুই) লক্ষ টাকা প্রয়োজন।</p> <p>১১। উপজেলা পরিষদের তিস্তা ভবন মেরামত ও রংকরণ বাবদ ২(দুই) লক্ষ টাকা প্রয়োজন।</p> <p>১২। উপজেলা পরিষদের ঈদগাহ মাঠ পাকা করণ করা হয়েছে। কিন্তু ইতোপূর্বে যে বরাদ্দ দেয়া হয়েছিল তা প্রাক্কলনের তুলনায় অনেক কম। জনস্বার্থে ভড়িঘড়ি করে ঈদগাহ মাঠ পাকা করণ করা হয়েছে। বর্তমানে প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করা প্রয়োজন। তবে আপাতত ২(দুই) লক্ষ বরাদ্দ প্রদান করা যেতে পারে।</p> <p>১৩। উপজেলা পরিষদ ভবনের অনেক রুম, ওয়াশরুম এবং অন্যান্য স্থানে জরুরীভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। এ জন্য উপজেলা পরিষদ ভবন সংস্কার বাবদ ২(দুই) লক্ষ টাকা বরাদ্দ করা প্রয়োজন।</p> <p>১৪। ইসলামপুর উপজেলা যমুনা নদীর পশ্চিম পার্শ্বে জনসাধারণের নৌ পথে যোগাযোগের জন্য একটি স্টীলের নৌকা তৈরী করতে হবে। এ বাবদ ২ (দুই) লক্ষ টাকা প্রয়োজন।</p> <p>১৫। উপজেলা পরিষদের পরিত্যক্ত ২টি আবাসিক কোয়ার্টার, পরিত্যক্ত উপজেলা সমবায় অফিস ও উপজেলা পরিসংখ্যান অফিস নিলামে বিক্রয় করা প্রয়োজন।</p> <p>১৬। ইতোপূর্বে গৃহীত সিদ্ধান্ত প্রতিটি স্কুলে শহীদ মিনার নির্মাণ করার প্রস্তাব বাস্তবায়নের জন্য কমপক্ষে ১০(দশ) লক্ষ টাকা প্রয়োজন।</p> <p>উপরে উল্লিখিত প্রকল্পসমূহ সভায় বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>৫। বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি বরাদ্দ হতে ইসলামপুর-বকশীগঞ্জ রাস্তায় সিরাজাবাদ উচ্চ বিদ্যালয়ের সামনে রাস্তায় পানি জমে থাকায় রাস্তা উচু করণ প্রকল্পে ৪(চার) লক্ষ টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৬। ইসলামপুর উপজেলায় মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থাপনাসমূহ সংরক্ষণ ও মুক্তিযোদ্ধা স্মৃতি যাদুঘর নির্মাণ কাজের জন্য উপজেলা পরিষদের ভিতরে মাটি দ্বারা উচু করণ প্রকল্পে ২(দুই) লক্ষ টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৭। ইসলামপুর উপজেলা পরিষদের পুকুরের সৌন্দর্য বর্ধনের জন্য প্রকল্প গ্রহণ বাবদ ১০ (দশ) লক্ষ টাকা এডিপি বরাদ্দ হতে ব্যয়ে ও প্রাক্কলন প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৮। ইসলামপুর উপজেলায় বিভিন্ন বিদ্যালয়ে বেঞ্চ সরবরাহ প্রকল্পে ৪(চার) লক্ষ টাকা এডিপি বরাদ্দ হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৯। উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেন নির্মাণ ও রাস্তা উচু করণ কাজ এডিপি বরাদ্দ হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>১০। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজ বাবদ ২(দুই) লক্ষ টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>১১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের তিস্তা ভবনে মেরামত ও রং এর কাজ ২(দুই) লক্ষ টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>১২। উপজেলা পরিষদের ঈদগাহ মাঠ পাকা করণ কাজের এডিপি বরাদ্দ হতে ২(দুই) লক্ষ টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>১৩। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদের অফিস মেরামত বাবদ ২,০০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>১৪। ইসলামপুর উপজেলা যমুনা নদীর পশ্চিম পার্শ্বে জনসাধারণের নৌ পথে যোগাযোগের জন্য একটি স্টীলের নৌকা তৈরী বাবদ ২(দুই) লক্ষ টাকা এডিপি বরাদ্দ হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>১৫। উপজেলা পরিষদের পরিত্যক্ত ২টি আবাসিক কোয়ার্টার, পরিত্যক্ত উপজেলা সমবায় অফিস ও</p>
---	--

M. Indira

	<p>উপজেলা পরিসংখ্যান অফিস নিলামে বিক্রয় জন্য বিধি অনুযায়ী নিলাম প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>১৬ প্রতিটি স্কুলে শহীদ মিনার নির্মাণ করার প্রস্তাব বাস্তবায়নের জন্য কমপক্ষে ১০(দশ) লক্ষ টাকা (এডিপি) প্রকল্প হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	
<p>গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ইসলামপুর উপজেলা পুলে অনুকূলে ০১(এক) টি কেবিনক্রুজার স্পীডবোর্ড বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত কেবিনক্রুজার স্পীডবোর্ডটি ঢাকা হতে নিয়ে আসার জ্বালানী খরচ বাবদ ৭৫,০০০/- (পচাত্তর হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় পরিশোধ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p> <p>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ জামে মসজিদের ফ্যান সরবরাহ বাবদ ২৫(পঁচিশ) হাজার টাকা প্রয়োজন।</p>	<p>১। আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে ৭৫,০০০/- টাকা পরিশোধের সিদ্ধান্ত হয়। তবে মন্ত্রণালয় হতে উক্ত খাতে বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে উপজেলা রাজস্ব তহবিল জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ মসজিদের ফ্যান ক্রয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(এস. এম, জামাল আব্দুল নাছের)

চেয়ারম্যান

ইসলামপুর উপজেলা পরিষদ

জামালপুর।

তারিখঃ ৩০ জুলাই ২০২০

স্মারকনং-৪৬.৪৫.৩৯২৯.০০০.০৬.৪৩.১৯-৩৩

বিতরণ সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৩৯, জামালপুর-২।
- ২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, জামালপুর।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
- ৫। মেয়র, ইসলামপুর পৌরসভা, ইসলামপুর, জামালপুর।
- ৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
- ৭। উপজেলাঅফিসার (সকল), ইসলামপুর, জামালপুর।
- ৮। অফিসার ইন-চার্জ, ইসলামপুর থানা, ইসলামপুর, জামালপুর।
- ৯। চেয়ারম্যান,..... (সকল) ইউপি, ইসলামপুর, জামালপুর।
- ১০। অফিস কপি।

Moindu.

(মোহাম্মদ মিজানুর রহমান)

উপজেলা নির্বাহী অফিসার

ইসলামপুর, জামালপুর।